

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩১৩

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১২২, হায়িয় থেকে পবিত্র হওয়ার গোসলের নিয়ম

باب الإغْتِسَالِ مِنَ الْحَيْضِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَمْرِوِ الرَّازِيُّ، حَدَّثَنَا سَلَمَةُ، $_{}$ يَعْنِي ابْنَ الْفَضْلُ $_{}$ الْحَبْرِنَا مُحَمَّدٌ، $_{}$ يَعْنِي ابْنَ إِسْحَاقَ $_{}$ عَنْ سُلَيْمَانَ بْنِ سُحَيْمٍ، عَنْ أُمَيَّةَ بِنْتِ أَبِي الصَّلْتِ، عَنِ امْرَأَةٍ، مِنْ بَنِي غِفَارٍ قَدْ سَمَّاهَا لِي قَالَتْ : أَرْدَفَنِي رَسُولُ اللهِ صلى الله عليه وسلم عَلَى حَقِيبَةِ رَحْلِهِ لَمْ يَزَلْ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم إلَى الصُّبْحِ فَأَنَاخَ وَنَزَلْتُ عَنْ حَقِيبَةِ رَحْلِهِ فَإِذَا بِهَا دَمِّ مِنِّي فَكَانَتْ أُوَّلَ حَيْضَةٍ حِضْتُهَا $_{}$ قَالَتْ : فَوَاللهِ لَمْ يَزَلْ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم مَا بِي وَنَزَلْتُ عَنْ حَقِيبَةٍ وَاسْتَحْيَيْتُ فَلَمَّا رَأًى رَسُولُ اللهِ صلى الله عليه وسلم مَا بِي وَرَأَى الدَّم قَالَ: " مَا لَكَ لَعَلَّكَ نُفِسْتِ " . قُلْتُ نَعَمْ . قَالَ " فَأَصْلِحِي مِنْ نَفْسِكِ ثُمَّ خُذِي وَرَأَى الدَّم قَالَ: " مَا لَكَ لَعَلَّكَ نُفِسْتِ " . قُلْتُ نَعَمْ . قَالَ " فَأَصْلِحِي مِنْ نَفْسِكِ ثُمَّ خُذِي وَرَأَى الدَّم قَالَ: " مَا لَكَ لَعَلَّكُ نُفِسْتِ " . قُلْتُ نَعَمْ . قَالَ " فَأَصْلِحِي مِنْ نَفْسِكِ ثُمَّ خُذِي إِنَاءً مِنْ مَاءٍ فَاطْرَحِي فِيهِ مِلْحًا ثُمَّ اغْسِلِي مَا أَصَابَ الْحَقِيبَةَ مِنَ الدَّم ثُمَّ عُودِي لِمَا عَلْكَ فَتَعَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم خَيْبَرَ رَضَخَ لَنَا مِنَ لِمَا لَكَ عَلَى فِي غُسُلُهَا حَينَ مَاتَتْ لَى قَلْمَا فِي غُسُلُهَا حِينَ مَاتَتْ . .

_ ضعیف

বাংলা

৩১৩। উমাইয়াহ বিনতু আবৃস সলত (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি গিফার গোত্রের জনৈক মহিলার সূত্রে বলেন, একদা (সফরকালে) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে তাঁর উটের পিছনের দিকে চড়ালেন। আল্লাহর শপথ! রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ভোরবেলা উটের পিঠ থেকে অবতরণ করলেন। তিনি নেমে যখন উটকে বসালেন, আমিও আসন থেকে নামলাম এবং তাতে রক্তের চিহ্ন দেখতে পোলাম। এটা ছিল



আমার প্রথম হায়িয। এতে আমি লজ্জায় সঙ্কুচিত হয়ে উটের সাথে মিলে গেলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু অালাইহি ওয়াসাল্লাম আমার এ অবস্থা ও রক্ত দেখতে পেয়ে বললেন, তোমার কি হলো? সম্ভবত তোমার হায়িয শুরু হয়েছে। আমি বললাম, হ্যাঁ। তিনি বললেনঃ তুমি নিজেকে সামলে নাও (অর্থাৎ লজ্জাস্থানে কিছু বেঁধে নাও, যেন বাইরে কিছুতে রক্ত না লাগে)। তারপর একটি পাত্র ভর্তি পানি নিয়ে তাতে কিছু লবণ মিশিয়ে হাওদায় যে রক্ত লেগেছে তা ধুয়ে ফেল। তারপর তোমার আসনে সমাসীন হও। উক্ত মহিলা বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন খায়বার জয় করলেন, তখন যুদ্ধলব্ধ সম্পদ থেকে আমাদেরকেও কিছু দিলেন। বর্ণনাকারী বলেন, অতঃপর ঐ মহিলা যখনই হায়িয থেকে পবিত্র হতেন, তখনই পানিতে লবণ মিশিয়ে ব্যবহার করতেন। মৃত্যুকালেও তিনি ওয়াসিয়্যাত করে যান তার গোসলের পানিতে যেন লবণ মেশানো হয়।[1]

দুর্বল।

English

Narrated Woman of Banu Ghifar:

Umayyah, daughter of AbusSalt, quoted a certain woman of Banu Ghifar, whose name was mentioned to me, as saying: The Messenger of Allah (**) made me ride behind him on the rear of the camel saddle. By Allah, the Messenger of Allah (**) got down in the morning. He made his camel kneel down and I came down from the back of his saddle. There was a mark of blood on it (saddle) and that was the first menstruation that I had. I stuck to the camel and felt ashamed.

When the Messenger of Allah (ﷺ) saw what had happened to me and saw the blood, he said: Perhaps you are menstruating.

I said: Yes. He then said: Set yourself right (i.e. tie some cloth to prevent bleeding), then take a vessel of water and put some salt in it, and then wash the blood from the back of the saddle, and then return to your mount. When the Messenger of Allah () conquered Khaybar, he gave us a portion of the booty. Whenever the woman became purified from her menses, she would put salt in water. And when she died, she left a will to put salt in the water for washing her (after death).

ফটনোট

[1] আহমাদ (৬/৩৮০) মুহাম্মাদ ইবনু ইসহাক সূত্রে। মুহাম্মাদ ইবনু ইসহাক একজন মুদাল্লিস। আমাদের বর্ণনায় তার হাদীস শ্রবণের বিষয়টি স্পষ্ট হয়েছে। সূতরাং তাদলীস হওয়ার সংশয় দুরীভূত হয়েছে। এছাড়া সনদে



উমাইয়্যাহ বিনতু আবূ সালতকে ইমাম যাহাবী 'আল-মীযান' (৪/৬০৪) গ্রন্থে অজ্ঞাত নারীদের অন্তর্ভুক্ত করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন